# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২৩৮

২২/ শিকার (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ২২/১৬. দব্ব (অনেকটা গুইসাপের মত দেখতে)

بَاب الضَّبِّ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنْ حُصَيْنٍ، عَنْ زَيْدِ بْنِ وَهْبٍ، عَنْ ثَابِتِ بْنِ يَزِيدَ الأَنْصَارِيِّ، قَالَ كُنَّا مَعَ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ فَأَصَابَ النَّاسُ ضِبَابًا فَاشْتَوَوْهَا فَأَكَلُوا مِنْهَا فَأَصَبْتُ مِنْهَا ضَبًّا فَشَوَيْتُهُ ثُمَّ أَتَيْتُ بِهِ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ فَأَخَذَ جَرِيدَةً فَجَعَلَ يَعُدُّ بِهَا أَصَابِعَهُ فَقَالَ " إِنَّ أُمَّةً فِي بَنِي إِسْرَائِيلَ مُسِخَتْ دَوَابَّ فِي الأَرْضِ وَإِنِّي لاَ أَدْرِي لَعَلَّهَا هِيَ " . فَقُلْتُ إِنَّ النَّاسَ قَدِ اشْتَوَوْهَا فَأَكَلُوهَا فَلَمْ يَأْكُلْ وَلَمْ يَنْهَ .

বাংলা

১/৩২৩৮। সাবিত ইবনে ইয়াযীদ আল-আনসারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ছিলাম। লোকেরা দব্ব (অনেকটা গুইসাপের মত দেখতে) ধরে তা ভুনা করে আহার করলো। আমিও একটি দব্ব (অনেকটা গুইসাপের মত দেখতে) ধরে তা ভুনা করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট নিয়ে এলাম। তিনি একটি কাঠ তুলে নিয়ে তা দিয়ে সেটির আংগুল গণনা করতে লাগলেন, অতঃপর বলেনঃ বনী ইসরাঈলের একটি সম্প্রদায়ের চেহারা বিকৃত হয়ে পৃথিবীর জন্তুতে পরিণত হয়। আমি জানি না, এটাই সেই প্রাণী কিনা। আমি বললাম, লোকেরা তা ভুনা করে খেয়েছে। আমি জানি না, এটাই সেই প্রাণী কিনা। আমি বললাম, লোকেরা তা ভুনা করে খেয়েছে। কিন্তু তিনি তা আহারও করেনি এবং আহার করতে নিষেধও করেননি।

## English

It was narrated that Thabit bin Yazid Al-Ansari said:
“We were with the Prophet (ﷺ) and the people caught a mastigure. They grilled it and ate from it. Then I caught a mastigure so I grilled it and brought

it to the Prophet (ﷺ). He took a palm stalk and started counting his finger with it, and said: ‘A nation from among the Children of Israel was turned into beasts of the earth, and I do not know if this is they.’ I said: ‘The people have grilled them and eaten them.’ He did not eat it and he did not forbid it.”

### ফুটনোট

নাসায়ী ৪৩২০, ৪৩২১, ৪৩২২, আবূ দাউদ ৩৭৯৫, আহমাদ ১৭৪৬৯, দারেমী ২০১৬।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন ফুদায়ল সম্পর্কে ইবনু মাঈন তাকে সিকাহ বলেছেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন, কোন সমস্যা নেই। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি শীয়া মতাবলম্বী। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৫৪৮, ২৬/২৯৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সাবিত ইবন ইয়াযীদ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44202

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন